দৈনিক সংবাদ

তারিখ FEB. 24 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

# ময়মনসিংহে "জনপ্রশাসন সংস্কার" বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

ময়মনসিংহ ঃ এডাবের উদ্যোগে ও অক্সফাম ইউকে-এর সহায়তায় কারিতাস-এর সম্মেলনকক্ষে দিনব্যাপী 'জনপ্রশাসন সংস্কার' বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। গত ২০শে ফেব্রুয়ারি অনুষ্ঠিত কর্মশালার উদ্বোধন করেন প্রধান অতিথি হিসেবে এডাব-এর পরিচালক শামসুল হুদা। বিশেষ অতিথি ছিলেন কারিতাস-এর সিডিআই-এর পরিচালক, আবদুল মজিদ মল্লিক। এতে সভাপতিত্ব করেন এডাবের স্টিয়ারিং কমিটির সভাপতি ফকির মোঃ মাজহারুল ইসলাম। বক্তব্য রাখেন এডাবের চ্যাপ্টার কো-অর্ডিনেটর নিগার সুলতানা।

কর্মশালায় সাংবাদিক, আইনজীবী, শিক্ষক, সরকারি কর্মকর্তা, উন্নয়নকর্মী, জনপ্রতিনিধি, সংগঠক ও তৃণমূল পর্যায়ের ৪০ জন অংশগ্রহণ করেন। দিনব্যাপী ৪টি দলে বিভক্ত হয়ে এ ব্যাপারে সুপারিশ তৈরি করা হয়।

সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন জিল্লুর রহমান খান, আতাউল করিম খোকন, রুবিয়া হেলাল, এডভোকেট ফজলুল হক বাবলু, সুষমা রেমা, মাহফুজ আরা মিভা, মাতিয়া খন্দকার ও মিজানুর রহমান।